

‘উপগ্রহ স্টেশন’ শালিমারের উন্নয়নে বরাদ্দ মাত্র ৬৮৩ কোটি

সোমনাথ রায়, নয়াদিল্লি

দেশের অন্যতম ব্যস্ত স্টেশন হাওড়া। গত অর্থবর্ষে রোজ গড়ে ছ’লক্ষ যাত্রীর স্পর্শ পেয়েছে হাওড়া স্টেশন। এই পরিস্থিতিতে হাওড়ার উপর থেকে চাপ কমাতে শালিমারকে ‘উপগ্রহ স্টেশন’ হিসাবে তুলে ধরছে ভারতীয় রেল। তবে এই কাজে বরাদ্দ হয়েছে মাত্র ৬৮৩ কোটি টাকা।

মেল, এক্সপ্রেস, প্যাসেঞ্জার এবং লোকাল ট্রেন ধরলে হাওড়ায় চলাফেরা করে ৬৩৭টি ট্রেন। এত ব্যস্ত হাওড়ার ভার কমাতে ইতিমধ্যেই শালিমার স্টেশনে স্থানান্তরিত করা হয়েছে ১৩

জোড়া ট্রেন। শুধু ট্রেন স্থানান্তর করলেই চলবে না, তা সঠিকভাবে পরিচালনা করার জন্য প্রয়োজন পরিকাঠামোগত উন্নতিও। স্বাভাবিক নিয়মেই তাই হচ্ছে শালিমার স্টেশনের পরিকাঠামো উন্নতির কাজ। ইতিমধ্যেই শেষ হয়েছে স্টেশন বিল্ডিং, একটি সাবওয়ে, পিট লাইনের জন্য প্রশাসনিক ভবন, ইলেকট্রিক সাব স্টেশন বিল্ডিং-সহ অন্যান্য কাজ। পাশাপাশি নতুন করে তৈরি হয়েছে এক নম্বর প্ল্যাটফর্ম, স্টেশন সংলগ্ন ১.১ কিলোমিটার রাস্তা। চলছে ফুট ওভারব্রিজ, রোড ওভার ব্রিজ, দু’টি সাবওয়ে, পার্কিং লট, নতুন দু’টি প্ল্যাটফর্ম, জল সংশোধনাগার-সহ

অন্যান্য কাজ। যদিও এই বিপুল আয়োজনের জন্য বরাদ্দ হয়েছে মাত্র ৬৮৩ কোটি টাকা।

সম্প্রতি রাজ্যসভায় তৃণমূল কংগ্রেস সাংসদ জহর সরকারের এক প্রশ্নে বিবৃতি দিয়ে এই কথা জানিয়েছে কেন্দ্র। যা পেয়ে হতবাক বঙ্গ সাংসদ। বলছিলেন, “আমায় যে উত্তর দেওয়া হয়েছে তার সঙ্গে শালিমারের জন্য বরাদ্দ বাজেটের খুব মিল রয়েছে। দু’টিই প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। আমি ব্যক্তিগতভাবে রেলমন্ত্রীর সঙ্গে দেখা করে বিষয়টি জানাব।” তাঁর বক্তব্য, যে বাজেট বরাদ্দ হয়েছে, তাতে ভাল কাজ হবে কীভাবে?

